

# ওসামা বনাম ওবামা

---

দুলাল হালদার, সিডনী

নাম শুনলে ওসামার  
কাপড় নষ্ট ওবামার

টনি বিল জর্জ বুশ  
ঘুম হারাম থাকেনা হুঁশ

ওই আসছে বিন লাদেন  
শুনলে শিশু বুড়া কাঁদেন

যদি হও আফগান  
হতে হবে তালেবান

মসজিদে বোমা গুলি বর্ষণ  
আল কায়েদার কেমন দর্শন

সেনা ছাউনী লোকালয়  
সর্বত্রই ধবংস প্রলয়

ইসলামে এসব করতে মানা  
হয়তো ছিল ওসামার জানা

বিশ্ব সেরা টেরর তুমি  
ছাড়লে কেন মাতৃভূমি

নিয়ত যদি ভাল হয়  
মরণে কেন পাবে ভয়

ভেবেছিলে শহীদ হবে  
মনের মাঝে অমর হবে

অথচ তুমি পেলেনা মাটি  
দর্শন যেহেতু ছিলনা খাঁটি

সাগর জলে হলো কবর  
কেউ পাবেনা তোমার খবর

হাঙ্গরের পেটে তোমার দেহ  
ভাবোনি তুমি ভাবেনি কেহ

হলোনা মাজার হলোনা মিনার  
তুমি রইলে শুধুই ঘৃণার

খতম করতে ওসামা  
ট্রেস্পাসার হলো ওবামা

সন্ত্রাস করে সন্ত্রাস দমন  
অন্য দেশে অবৈধ গমন

চাইলে আমি সব পারি  
গায়ের জোরে বাহাদুরী

বারেক হোসেন ওবামা  
ঘুমাও এখন নেই ওসামা।

---

দুলাল হালদার, সিডনী, ১৯/০৫/২০১১

দুলাল হালদারের আগের লেখাটি পড়তে এখানে [টোকামারুন](#)